

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

স্মারক নং-০৭.১০১.০১৮.০০.০০.০০১.২০১৮-৩৫৯


তারিখ: ০৩ জুন, ২০১৮

বিষয়: অর্থ বিভাগের “ই-চালান-বাংলাদেশ সরকারের প্রাপ্তি বাতায়ন” শীর্ষক অনলাইনভিত্তিক প্ল্যাটফরম ব্যবহার করে সরকারি কোষাগারে অর্থ জমা প্রদান।

উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকারের রাজস্ব আহরণ ও হিসাবের সঙ্গতি সাধন, জনগণের হয়রানি লাঘব, আর্থিক খাতে শৃঙ্খলা ও স্বচ্ছতা প্রতিষ্ঠা সর্বোপরি সরকারের ডিজিটাল বাংলাদেশ কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে ইলেকট্রনিক পদ্ধতিতে সরকারি প্রাপ্তি জমাদানের জন্য অর্থ বিভাগের উদ্যোগে “ই-চালান বাংলাদেশ সরকারের প্রাপ্তি বাতায়ন” (www.echallan.gov.bd) নামে অনলাইনভিত্তিক প্ল্যাটফরম ২৫শে মার্চ, ২০১৮ তারিখে চালু হয়েছে। সরকারের কর ও বিভিন্ন সেবার ফি ব্যাংকে জমা প্রদানের বিদ্যমান পদ্ধতির পাশাপাশি এই পদ্ধতিতে অনলাইনে জমা দেওয়ার ব্যবস্থা রাখা হচ্ছে। সরকারি সকল প্রাপ্তি জমা দেওয়ার অনলাইন প্ল্যাটফরম হিসেবে এই পদ্ধতি বিবেচিত হবে এবং এটি ভবিষ্যতে বাংলাদেশ ব্যাংকের জাতীয় পেমেন্ট গেটওয়ের সাথে যুক্ত হবে। প্রাথমিকভাবে সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পাসপোর্ট ফি, পুলিশ ক্লিয়ারেন্স ফি ও জাতীয় পরিচয়পত্র ফি জমা প্রদানের সুবিধা সরকারের প্রাপ্তি বাতায়নে চালু করা হয়েছে। অন্যান্য সরকারি প্রাপ্তির জন্য অর্থ জমাদানের সুবিধা পর্যায়ক্রমে চালু করা হবে।

২। এই পদ্ধতি পরিপূর্ণভাবে চালু হলে জনসাধারণের ভোগান্তি লাঘবসহ অর্থ ও সময়ের আপচয় কমবে, চালানের অর্থ তাৎক্ষণিকভাবে সরকারি কোষাগারে জমা নিশ্চিত হবে, সরকারের মোট প্রাপ্তির বিষয়ে প্রকৃত সময়ভিত্তিক (Real Time Based) হালনাগাদ তথ্য প্রাপ্তি সম্ভব হবে।

৩। এই লক্ষ্যে ই-চালান পোর্টাল ব্যবহার করে অনলাইনে সরকারি প্রাপ্তির ইলেকট্রনিক চালান বার্তা (Electronic Challan Message) গ্রহণ করে সংশ্লিষ্ট সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(রেদোয়ান আহমেদ)
উপসচিব
ফোন: ৯৫১৪১৪৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৫। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৭। অতিরিক্ত সচিব, ট্রেজারি ও ঋণব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থবিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক ও সিএও, সোনালী ব্যাংক লি., প্রধান কার্যালয়, মতিঝিল, বা/এ, ঢাকা।
- ৯। প্রকল্প পরিচালক, এমআরপি ও এমআরভি প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ১০। প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও ঢাকা।
- ১১। জেনারেল ম্যানেজার, পিএডি, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ১২। জেনারেল ম্যানেজার, গভর্নমেন্ট অ্যাকাউন্টস অ্যান্ড সার্ভিসেস ডিভিশন, সোনালী ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।